

যুগ্মত্য

পাবনায় শহীদ এম মনসুর আলী কলেজে বখাটেদের ভাংচুর

প্রকাশ : ৩০ জুন ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংক্রান্ত



পাবনা প্রতিনিধি

ছাত্রীদের উত্ত্বক্ত্ব করার প্রতিবাদ করায় পাবনা শহীদ এম মনসুর আলী কলেজে হামলা ও ভাংচুর চালিয়েছে বখাটে সন্ত্রাসীরা। শনিবার দুপুর ১টায় এ ঘটনার সময় তারা পিস্তল বের করে অধ্যক্ষকে প্রাণনাশেরও হৃষকি দেয়। ঘটনার প্রতিবাদে শিক্ষক ও শিক্ষার্থীরা কলেজের সামনে বিক্ষোভ মিছিল এবং মানববন্ধন করেন। তারা অবিলম্বে সন্ত্রাসীদের গ্রেফতার ও বিচারের দাবি জানান।

কলেজ কর্তৃপক্ষ জানায়, শনিবার সকাল সাড়ে ১১টায় কিছু সন্ত্রাসী ছাত্রীদের কমন রুমের সামনে যায়। এরপর অশোভন ইঙ্গিত করে উত্ত্বক্ত্ব করতে থাকে। বিষয়টি জানতে পেরে কলেজের অধ্যক্ষ সেখানে যান এবং তাদের ধর্মক দিয়ে বের করে দেন। কিছুক্ষণ পর ওই সন্ত্রাসীরা ১৫-২০ জন সহযোগী নিয়ে কলেজে এসে ভাংচুর চালায়। বাধা দেয়ায় তারা আগেয়ান্ত্র উঁচিয়ে শিক্ষকদের অকথ্য ভাষায় গালিগালাজ করে এবং হত্যার হৃষকি দেয়। এ সময় সন্ত্রাসীদের তয়ে ক্যাম্পাসে শিক্ষা কার্যক্রম বন্ধ হয়ে যায়।

পাবনা সদর থানার ওসি ওবাইদুল হক খবর পেয়ে তাংকশিক পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণ করেন। পরিস্থিতি স্বাভাবিক রাখতে সেখানে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। এ ঘটনায় কলেজ অধ্যক্ষ আবদুস সামাদ বাদী হয়ে কয়েকজনের নাম উল্লেখসহ অজ্ঞাতদের আসামি করে মামলা করেছেন। সন্ত্রাসীদের গ্রেফতারে অভিযান চলছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, **প্রকাশক :** সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯। এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।